সমকাল

তারিখ ··06·JAN·2016···
পৃষ্ঠা ··৩··· কলাম···৫······

# কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় শর্ত পূরণ করেনি

—শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

আইনের শর্ত পূরণ না করা বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে আর বেশিদিন চলতে দেওয়া হবে না বলে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, দেশে কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনও তাদের ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি।

শিক্ষামন্ত্রী মঙ্গলবার শেরেবাংলা নগরে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে উত্তরা ইউনিভার্সিটির চতুর্থ সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর-রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতির ভাষণে এ কথা বলেন।

নুরুল ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

## কিছু বেসরকারি

[তৃতীয় পৃষ্ঠার পর]

ইসলাম নাহিদ বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো 'বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০' অনুযায়ী শিক্ষার্থীদের গবেষণা ও বাস্তবমুখী শিক্ষাদানের জন্য আধুনিক ও যুগোপযোগী গ্রন্থাগার এবং গবেষণাগার গড়ে তুলবে।

অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসেবে বক্তৃতায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান বিশ্ববিদ্যালয়গুলোকে উচ্চশিক্ষা বিস্তারের পাশাপাশি গবেষণা ও জ্ঞান সৃষ্টিতে নিয়োজিত হওয়ার আহ্বান জানান।

অনুষ্ঠানে উত্তরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম আজিজুর রহমান, বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান মো. বদরুল ইকবালও বক্তব্য রাখেন।

সমাবর্তনে তিন হাজার নতুন স্নাতককে সনদ প্রদান করেন শিক্ষামন্ত্রী। অনুষ্ঠানে তিনি কৃতিত্বপূর্ণ ফল অর্জনকারী স্নাতকদের স্বর্ণপদক প্রদান করেন।

উত্তরা বিশ্ববিদ্যালয় থেকে এ পর্যন্ত ১০ হাজার শিক্ষার্থী স্নাতক সনদ অর্জন করেছেন। সমাবর্তনের শুরুতে শোভাযাত্রায় নেতৃত্ব দেন শিক্ষামন্ত্রী।